



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৯

২০ জুন ২০২৩  
তারিখ: -----  
০৬ আষাঢ় ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫ তারিখ ০৪ জুলাই ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীল পরিস্থিতির প্রেক্ষাপটে দেশের মুদ্রা ও ঋণ ব্যবস্থাপনা অধিকতর সুসংহত রাখার লক্ষ্যে আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিনের হার নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।
- কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প/ব্যবসা (সিএমএসএমই) খাতের বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত কতিপয় গুরুত্বপূর্ণ পণ্য সংশ্লিষ্ট খাতের ব্যবসা প্রসারের জন্য অত্যাবশ্যকীয় যা অর্থনৈতিক গতিপ্রবাহ বৃদ্ধিসহ কর্মসংস্থানে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। সে বিবেচনায় সিএমএসএমই ও অন্যান্য খাতের বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত নিম্নোক্ত পণ্যসমূহের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে আমদানি ঋণপত্র স্থাপনে নগদ মার্জিন সংরক্ষণের হার নির্ধারণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে:  
(ক) শিল্প সংশ্লিষ্ট মেশিনারিজের খুচরা যন্ত্রাংশ; (খ) টেক্সটাইলের কাঁচামাল, রাসায়নিক ও আনুষঙ্গিক পণ্য; (গ) প্লাস্টিক ও প্যাকেজিং আইটেম ও এর কাঁচামাল; (ঘ) চিকিৎসা সংশ্লিষ্ট সরঞ্জাম, আনুষঙ্গিক ও রিএজেন্ট; (ঙ) ইউপিএস/আইপিএস এর যন্ত্রাংশ ও আনুষঙ্গিক পণ্য; (চ) নিরাপত্তা সংশ্লিষ্ট পণ্য; (ছ) নির্মাণ সংশ্লিষ্ট স্থানীয়ভাবে প্রস্তুতকৃত পণ্যের সম্পূরক হার্ডওয়্যার পণ্য, স্টিল শিট, এইচ-বিম ইত্যাদি; (জ) কম্পিউটার/ল্যাপটপ ও এর যন্ত্রাংশ; (ঝ) তথ্য-যোগাযোগ প্রযুক্তি, ইন্টারনেট, সাইবার নিরাপত্তা সংশ্লিষ্ট হার্ডওয়্যার পণ্য; (ঞ) যানবাহনের খুচরা যন্ত্রাংশ, টায়ার, টিউব ও এতদসংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক পণ্য।
- এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫/২০২২ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২